

নিয়োগ বিজ্ঞপ্তি

নিয়োগ বিজ্ঞপ্তি নং- বাঃ রেঃ/পশ্চিম-১৪/২০১৬

তারিখ : ২৩-০৬-২০১৬ খ্রিঃ।

মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা ০২-৫-২০১৬খ্রিঃ তারিখের পত্র নং-৫৪.০১.২৬০০.০০৬.১১.০০৮.১৫-১৫৮ এবং ২৮-৪-১৪ খ্রিঃ তারিখের পত্র নং-৫৪.০১.২৬০০.০০৬.১১.০১৮.১৩-১৬৮ মোতাবেক বাংলাদেশ রেলওয়েতে সরাসরি নিয়োগযোগ্য নিম্নে বর্ণিত পদে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	৩১-০৭-১৬ইং তারিখে বয়স	শিক্ষাগত যোগ্যতা
১।	এমএলএসএস (অফিস সহায়ক)	৪০	টাঃ ৮২৫০-২০,০১০/- (এনপিএস/২০১৫)	১৮-৩০ বৎসর	অষ্টম শ্রেণি পাশ

শর্তাবলী :

- ১। বিশেষভাবে উল্লেখ্য, বর্তমান বিজ্ঞপ্তিতে উল্লেখিত ৪০টি এমএলএসএস পদ মাননীয় আদালতের নির্দেশে সংরক্ষিত ১১টি পদ হতে আলাদা।
- ২। আবেদন ফরম, লিখিত ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র বাংলাদেশ রেলওয়ের ওয়েব সাইট www.railway.gov.bd এ পাওয়া যাবে। উক্ত ওয়েব সাইট হতে আবেদন ফরম এ-৪ সাইজের কাগজে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- ৩। সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদন পত্র ও প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে পেস্ট করে লাগাতে হবে।
- ৪। ক) প্রার্থী বাছাইকালে বিদ্যমান বিধি বিধান অনুসরণ করা হবে।
খ) নিয়োগের ক্ষেত্রে সরকার নির্দেশিত কোটা অনুসরণ করা হবে।
- ৫। পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা কোড-১-৫১৩১-০০০০-২০৩১ তে জমাদানের ট্রেজারি চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৬। মৌখিক পরীক্ষার পূর্ণমান-৫০। ৫০% নম্বর পাশ নম্বর হিসাবে বিবেচিত হবে।
- ৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোন প্রকার দৈনিক ভাতা অথবা যাতায়াত ভাতা দেয়া হবে না।
- ৮। আবেদন পত্র প্রেরণকালে খামের বাম দিকের উপরের অংশে পদের নাম ও প্রার্থীর জেলার নাম স্পষ্টভাবে লিখতে হবে। নিয়োগ সংক্রান্ত সকল তথ্য রেলওয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
- ৯। মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং এতিম/শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ১০। সরকারী সংস্থা/আধাসরকারী সংস্থায় চাকরির প্রার্থীর দরখাস্ত সংশ্লিষ্ট বিভাগের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে দাখিল করতে হবে।
- ১১। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে বিবেচিত হবে। আবেদন পত্রে ওভার রাইটিং কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না।
- ১২। আবেদন পত্র আগামী ৩১-০৭-২০১৬ ইং অফিস চলাকালীন সময়ের মধ্যে “ চীফ পার্সোনেল অফিসার/পশ্চিম ” বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী এর দপ্তরে পৌঁছাতে হবে।
- ১৩। পরীক্ষা রাজশাহী ও চট্টগ্রাম কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
- ১৪। বাংলাদেশ রেলওয়ে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম বাতিল বা পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৫। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় তা প্রামাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৬। মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল সনদের (যেমন-শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, জাতীয় পরিচয় পত্র/ভোটার আইডি কার্ড, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা, রেলওয়ে পোষ্য অবর্তমানে নির্ভরশীল ভ্রাতা-ভগ্নী, এতিম খানা নিবাসী, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ভিডিপি, বিশেষ যোগ্যতা ইত্যাদির সনদ সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত) মূল কপি দেখাতে হবে এবং সকল সনদের ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে। পোষ্য সনদের ক্ষেত্রে স্হায়ী পদে কর্মকর্তা/কর্মচারীর চাকুরিকাল ন্যূনতম ১৫ বছর হতে হবে এবং অন্য কোন পোষ্য রেলওয়েতে কর্মরত থাকলে তার পূর্ণাঙ্গ বিবরণ সংযুক্ত করতে হবে।
- ১৭। ডাক টিকেটসহ আবেদনকারীর ঠিকানা লেখা দুইটি খাম আবেদনের সাথে দাখিল করতে হবে।

(সাবাহ উদ্দিন আহমেদ)
চীফ পার্সোনেল অফিসার/পশ্চিম
বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী